# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৮২

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মৃত প্রাণীর চামড়া ব্যবহার বৈধ করা হয়েছে সেসময়, যখন দাবাগত করা হয়; তার আগে নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ إِبَاحَةَ الِانْتِفَاعِ بِجُلُودِ الْمَيْتَةِ إِنَّمَا هِيَ بَعْدَ الدِّبَاغِ لَا قَبْلُ

আরবী

1282 ـ أَخْبَرَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ بَحْرٍ الْبَزَّارُ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ الْعَدَنِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ قَالَ: سَمِعْتُ الزُّهْرِيَّ يُحَدِّثُ عَنْ عُبَيْدِ الله بن عبد الله عن ابن عباس عَنْ مَيْمُونَةَ قَالَتْ: مَرَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشَاةٍ مِنَ الصَّدَقَةِ ميتةٍ أُعطيتها مَوْلَاةٌ لِمَيْمُونَةَ فَقَالَ: (أَلَا أَخَذُوا إِهَابَهَا فَدَبَغُوهَا فَانْتَفَعُوا بِهَا)؟ فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ إِنَّهَا مَيْتَةٌ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّمَا حُرِّمَ أكلها)
الراوي : عَبْدُ اللَّهِ بْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1282 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৮২. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি মাইমূনা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি মৃত মেষ এর পাশ দিয়ে অতিক্রম করেন, যা মাইমূনা রাদ্বিয়াল্লাহু আনহার আজাদকৃতা দাসীকে সাদাকা থেকে দেওয়া হয়েছিল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তারা কেন এর চামড়া গ্রহণ করেনি, অতঃপর দাবাগত বা পাকা করে তার দ্বারা উপকৃত হয়নি?” লোকজন বললো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটা তো মৃত প্রাণী!” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই কেবল হারাম করা হয়েছে তা ভক্ষন করা।”[1]

ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/২৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৮৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৩৭৯; হুমাইদী: ৩১৫; মুসনাদ আহমাদ: ৬/৩২৯; সহীহ মুসলিম: ৩৬৩; আবূ দাঊদ: ৪১২০; নাসাঈ: ৭/১৭১; ইবনু

মাজাহ: ৩৬১০; দারেমী: ২/৪২; দারাকুতনী: ১/৪২; আবূ আওয়ানা: ১/২০৯; সুনান বাইহাকী: ১/১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (গায়াতুল মারাম: ২৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90596

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন